

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮০

আগরতলা, ১১ এপ্রিল, ২০২৫

কেন্দ্রীয় সরকারের ধারাবাহিক প্রচেষ্টায় উত্তর
পূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে : রাজ্যপাল

বিকশিত ভারত গঠনের লক্ষ্যে স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়নের জন্য আহ্বান জানিয়েছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। আজ বিকালে হোটেল পোলো টাওয়ারে আসাম রাইফেলস আয়োজিত ‘ফিউচার রোড ম্যাপ-নর্থইস্ট ইন্ডিয়া-২০৩০ এন্ড বিয়ন্ড’ শীর্ষক সিম্ফোস্যামে অংশ নিয়ে তিনি এই আহ্বান জানান। রাজ্যপাল বলেন, উত্তরপূর্ব ভারত সমৃদ্ধ জৈব বৈচিত্র, প্রাকৃতিক সম্পদ, মানব সম্পদ, সমৃদ্ধ সাংস্কৃতিক বৈচিত্র এবং কৌশলগত ভৌগলিক অবস্থানের জন্য দেশের প্রবৃদ্ধির ক্ষেত্রে চালিকা শক্তি হতে পারে। কেন্দ্রীয় সরকারের ধারাবাহিক প্রচেষ্টায় উত্তর পূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে। এই অঞ্চল সমৃদ্ধির পথে এগিয়ে চলেছে। রাজ্যপাল আশা প্রকাশ করেন এই সিম্ফোস্যামে বিভিন্ন ধরনের সম্ভাবনা ও সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা হবে এবং এই অঞ্চলের শান্তি ও সমৃদ্ধির জন্য গঠনমূলক বিভিন্ন প্রস্তাব সামনে আসবে। তিনি সিম্ফোস্যামের সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথুকে সংবর্ধনা জানান লেফটেনেন্ট জেনারেল এ এস পেনধারকার, এভিএসএম, ওয়াইএসএম, জিওসি-থ্রি ক্রপস্। সিম্ফোস্যামে বক্তব্য রাখেন প্রফেসর ড. প্রভু দে (আরআইএস), ড. শ্রীরাধা দত্ত (জিন্দাল গ্লোবাল ইউনিভারসিটি), ব্রিগেডিয়ার রাজদ্বীপ চন্দা (ন্যাশনাল ডিফেন্স কলেজ নিউদিল্লি)। সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন ব্রিগেডিয়ার মনিষ রানা, এস এম, কমান্ডার ২১-সেক্টর আসাম রাইফেলস।
